অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/2/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 500টি আনুষঙ্গিক বসবাসের ইউনিট রূপে নতুন আবাসন তৈরির জন্য প্রায় 60 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের ঘোষণা করলেন

স্টেটের ADU প্লাস ওয়ান কর্মসূচিটি পুরো স্টেটে নতুন কাঠামো, গ্যারেজ রূপান্তর, এবং বেজমেন্ট অ্যাপার্টমেন্টের বৈধকরণের জন্য তহবিল প্রদান করে

প্রাথমিক তহবিল থেকে প্রদত্ত অর্থ লং আইল্যান্ড, ওয়েস্টচেস্টার কাউন্টি, আলস্টার কাউন্টি, এবং অ্যামহার্স্ট টাউনের বাড়ির মালিকদের সহায়তা করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে স্টেটের 85 মিলিয়ন মার্কিন ডলারের ADU প্লাস ওয়ান (ADU Plus One) কর্মসূচির প্রথম দুই রাউন্ডের স্থানীয় সরকার এবং অলাভজনক সংগঠনসমূহকে 59 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে, যা নিম্ন ও মধ্যম আয়ের বাড়ির মালিকদেরকে তাদের সম্পত্তিতে একটি আনুষঙ্গিক বসবাসের ইউনিট (Accessory Dwelling Unit, ADU) নির্মাণ বা উন্নত করার সংস্থান প্রদান করে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে। এখন পর্যন্ত প্রদত্ত অর্থের ফলস্বরূপ চূড়ান্তভাবে পুরো স্টেটে প্রায় 500 AD সৃষ্টি করবে, এবং লং আইল্যান্ড, ওয়েস্টচেস্টার কাউন্টি, আলস্টার কাউন্টি, এবং অ্যামহার্স্ট টাউনের বাড়ির মালিকেরা কর্মসূচির রাউন্ড একের অধীনে প্রথম দুই ডজন আনুষঙ্গিক বসবাসের ইউনিট নির্মাণ করার কাজ শুরু করতে যাচ্ছে।

"সাশ্রয়ী আবাসনের সুযোগের ঘাটতি পুরো স্টেটের সকল সম্প্রদায়কে প্রভাবিত করে," **গভর্নর হোকল বলেন।** "ADU প্লাস ওয়ান কর্মসূচিটি নিউ ইয়র্কবাসীর জন্য আরো সাশ্রয়ী আবাসনের বিকল্প তৈরি করে এবং একই সাথে সম্পত্তির মালিকদের সাহায্য করে। সরকার, মিউনিসিপ্যালিটি, অলাভজনক সংগঠন, এবং বাড়ির মালিকদের একত্রিত করার মাধ্যমে আমরা সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো বলীয়ান এবং আরো সাশ্রয়ী ভবিষ্যৎ গঠন করছি।"

নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal, HCR) পরিচালিত ADU প্লাস ওয়ান কর্মসূচিটি নিরাপদ, উচ্চমানের আনুষঙ্গিক বসবাসের ইউনিট নির্মাণ বা উন্নত করার প্রতিশ্রুতিবদ্ধ মিউনিসিপ্যালিটি ও অলাভজনক সংগঠনসমূহকে 2 মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদান করছে। তহবিল বিতরণ করা হবে একক পরিবারের বাড়ির মালিকদেরকে যারা বর্তমানে মূল ইউনিটে বাস করে এবং এলাকার মধ্যম আয়ের 100 শতাংশের বেশি উপার্জন করে না। নিউ ইয়র্ক সিটির বাইরের বাড়ির মালিকেরা অনুদান হিসেবে প্রতি ইউনিটের জন্য সর্বোচ্চ 125,000 মার্কিন ডলার পেতে পারে,

এবং নিউ ইয়র্ক সিটির বাড়ির মালিকেরা সর্বোচ্চ 175,000 মার্কিন ডলার পেতে পারে। ADU নির্মাণের জন্য মিউনিসিপ্যালিটি এবং তাদের অলাভজনক অংশীদারগণ সরাসরি বাড়ির মালিকের সাথে কাজ করে, যেমন, গ্যারেজ বা অন্যান্য আনুষঙ্গিক কাঠামোর রূপান্তর, নতুন পৃথক ইউনিট নির্মাণ, এবং বেজমেন্ট অ্যাপার্টমেন্টের বৈধকরণ সম্পর্কিত কাজ শুরু করা।

অর্থায়নের প্রথম রাউন্ডে 200টি ADU এর জন্য ব্যক্তিগত বাড়ির মালিকদের অনুদান প্রদান করতে 17টি মিউনিসিপ্যালিটির সাথে অংশীদারিত্বে কাজ করা কর্মসূচির প্রশাসকদেরকে HCR 22 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। 36.5 মিলিয়ন মার্কিন ডলারের অর্থায়নের দ্বিতীয় রাউন্ড কর্মসূচিতে অংশগ্রহণকারী মিউনিসিপ্যালিটির সংখ্যা 50 করে এবং এর ফলে আরো 300 এর বেশি ADU তৈরি হবে।

প্রথম রাউন্ডে তহবিল লাভ করা দশটি মিউনিসিপ্যালিটিকে দ্বিতীয় রাউন্ডেও তহবিল প্রদান করা হয়েছে কারণ এইসব সম্প্রদায়ের বাড়ির মালিকদের থেকে উল্লেখযোগ্য আগ্রহ লক্ষ্য করা গেছে। উভয় রাউন্ডের জন্য অংশগ্রহণকারী এলাকার একটি সম্পূর্ণ তালিকা HCR এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

ADU প্লাস ওয়ান কর্মসূচিটি অর্থবছর 2025 প্রণীত বাজেটের সম্পূরক, যেখানে স্টেটের আবাসন সরবরাহ বৃদ্ধির জন্য গভর্নর হোকলের নিশ্চিত করা একটি রূপান্তরমূলক আবাসন প্যাকেজ রয়েছে। প্যাকেজে রয়েছে: নিউ ইয়র্ক সিটিতে নতুন আবাসন তৈরির জন্য একটি নতুন 485-x কর প্রণোদনা, যার মধ্যে সাশ্রয়ী ভাড়ার আবাসন এবং বাড়ির মালিক হওয়ার সুযোগ থাকবে; বর্তমানে মেয়াদোত্তীর্ণ 421-a প্রণোদনা কর্মসূচির প্রকল্পসমূহের জন্য 2031 সাল পর্যন্ত কাজ শেষ হওয়ার ডেডলাইন বিস্তৃত করা; নিউ ইয়র্ক সিটির বাইরে মিশ্র আয় এবং 100 ভাগ সাশ্রয়ী আবাসন উভয়ের জন্য, এবং স্টেটব্যাপী আনুষঙ্গিক বসবাসের ইউনিট (accessory dwelling units, ADU) নির্মাণ সমর্থন করার জন্য স্থানীয় এলাকাগুলিকে প্রণোদনা গ্রহণের কর্তৃত্ব প্রদান; নিউ ইয়র্ক সিটিতে বাণিজ্যিক থেকে আবাসিক রূপান্তরের ক্ষেত্রে ক্রয়ক্ষমতাকে উৎসাহিত করার একটি নতুন প্রণোদনা; আরো আবাসন প্রদান করার জন্য নিউ ইয়র্ক সিটিতে আবাসন ঘনত্বের উপর থেকে সেকেলে সীমাবদ্ধতা উঠিয়ে নেওয়ার কর্তৃত্ব; নিউ ইয়র্ক সিটির নির্দিষ্ট কিছু এলাকায় বিদ্যমান বেজমেন্ট ও সেলার অ্যাপার্টমেন্টের বৈধতা প্রদান করার ক্ষমতা সিটিকে প্রদান করার একটি পাইলট কর্মসূচি; এবং স্টেটের জমিতে 15,000টি ইউনিট পর্যন্ত আবাসন নির্মাণের জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল তহবিল তৈরি। পাশাপাশি, কর্মসূচিটি গভর্নর হোকলের পাঁচ বছরের, 25 বিলিয়ন মার্কিন ডলারের আবাসন পরিকল্পনার সম্পূরক যেখানে স্টেটব্যাপী দুর্বল জনগোষ্ঠীর জন্য 10,000 সহায়ক ইউনিটসহ 100,000 সাশ্রয়ী আবাসন তৈরি ও সংরক্ষণ করা হবে।

HCR কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "85 মিলিয়ন মার্কিন ডলারের ADU প্লাস ওয়ান কর্মসূচিটি হলো পুরো নিউ ইয়র্ক স্টেটের সম্প্রদায়সমূহের জন্য একটি মডেল যেখানে তারা আবাসন সঙ্কট সমাধানে এবং আবাসন সরবরাহ বৃদ্ধি করতে কাজ করছে। ওয়েস্টার্ন নিউ ইয়র্ক থেকে লং আইল্যান্ড পর্যন্ত ADU তৈরির জন্য এখন পর্যন্ত প্রায় 60 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার মাধ্যমে গভর্নর হোকল তরুণ, বয়স্ক, এবং পরিবারসমূহকে নিজেদের বাড়ির সম্প্রদায়ে মানসম্পন্ন আবাসনে বাস করার সুযোগ প্রদান করছেন এবং একই সাথে বাড়ির মালিকদের জন্য একটি নির্ভরযোগ্য সুরক্ষিত ভাড়ার উপার্জন করার ক্ষমতা প্রদান করছেন।

50টি মিউনিসিপ্যালিটি যে ইতিমধ্যে নিজেদের সম্প্রদায়ে এই উদ্ভাবনী কর্মসূচির মূল্য দেখতে পাচ্ছে তার জন্য আমরা অতি আনন্দিত। ADU প্লাস ওয়ান সকলের জন্য একটি বিজয়ের প্রতিজ্ঞা করে।"

আলস্টার কাউন্টির সিনিয়র প্ল্যানার কাই লর্ড-ফার্মার বলেন, "আলস্টার কাউন্টির আবাসন সঙ্কটের একটি বটম-আপ সমাধান হিসেবে ADU কে সমর্থন করতে পেরে আমরা অতি আনন্দিত। কাউন্টির হাউজিং স্মার্ট কমিউনিটিজ উদ্যোগ (Housing Smart Communities Initiative), কিংস্টন সিটির নতুন ফর্মভিত্তিক কোড, এবং কাউন্টিতে গৃহীত হতে যাওয়া অন্যান্য ADU বান্ধব আবাসন নীতিমালার কারণে, প্লাস ওয়ান ADU কর্মসূচিটি একটি স্থানীয় আবাসন সমাধান হিসেবে ADU এর জন্য বিশাল সমর্থন প্রদান করে এবং ধারণার প্রমাণ প্রদান করে। এই উদ্যোগকে অগ্রসর করার জন্য আমরা গভর্নরের প্রশংসা করছি এবং স্থানীয় পর্যায়ে ADU এর পক্ষে কাজ করার জন্য উদগ্রীব। আবাসন সমাধানের ক্ষেত্রে ADU সকলের জন্য একটি বড় বিজয়, এটি আমাদের সাশ্রয়ী এবং কর্মীবাহিনীর আবাসনের সরবরাহ বৃদ্ধি করছে এবং একই সাথে মধ্যম আয়ের গৃহস্থালিগুলিকে উপার্জনের একটি বাড়তি উৎস বা একজন পরিবারের সদস্যকে থাকার জায়গা দেওয়ার সুযোগ দিচ্ছে।"

অ্যামহার্স্ট টাউনের সুপারভাইজার ব্রায়ান কুলপা বলেন, "আমহার্স্টের মতো সম্প্রদায়ে উদ্ভাবনী আবাসনের বিকল্প তৈরির জন্য সৃজনশীল কর্মসূচির প্রয়োজন উপলব্ধি করার জন্য গভর্নর হোকলের প্রশংসা করা উচিত। প্লাস ওয়ান আনুষঙ্গিক বসবাসের ইউনিট অনুদান টাউনের জন্য অত্যন্ত লাভজনক হয়েছে। এটি শুধু পুনর্বাসন বা নতুন ADU স্থাপনের জন্য অত্যাবশ্যকীয় সংস্থান ও সমর্থন প্রদান করে না, বরং এছাড়াও এটি আবাসনের ধাঁচ সম্পর্কিত স্থানীয় আলোচনা পুনরায় শুরু করে দিয়েছে। কার্যকরভাবে আবাসন সঙ্কট সমাধান করার জন্য এবং অ্যামহার্স্ট যাতে আবাসনের বিকল্প সম্প্রসারিত করে এবং অক্ষমতাসহ বাসিন্দা এবং এই স্থানে শেষ বয়স কাটানো মানুষের জন্য আরো অন্তর্ভুক্তিকর ও অ্যাক্সেসিবল হয়ে উঠে তা নিশ্চিত করার জন্য এইসব আলোচনা অতি গুরুত্বপূর্ণ।"

কমিউনিটি ডেভেলপমেন্ট লং আইল্যান্ডের (Community Development Long Island) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা গোয়েন ও'শিয়া বলেন, "উচ্চ মূল্য এবং ভাড়ার বাসস্থানের ঘাটতি থাকা লং আইল্যান্ডের মতো অঞ্চলে আনুষঙ্গিক বসবাসের ইউনিট একাধিক সুবিধা প্রদান করে: এগুলি বাড়ির মালিকের জন্য আর্থিক স্থিতিশীলতা এবং নমনীয়তা প্রদান করে এবং একই সাথে সাশ্রয়ী ভাড়ার ইউনিট তৈরি করে, যা প্রত্যেক প্রকল্পের জন্য একটি বিজয়। আরো নিয়মানুগ, নিরাপদ এবং সাশ্রয়ী ADU তৈরির জন্য সংস্থান বিনিয়োগ করার জন্য আমরা গভর্নর হোকলের প্রশংসা করছি। আমরা ইতিমধ্যেই যে কয়েকশত আবেদন পেয়েছি তা প্রদর্শন করে যে বাড়ির মালিকেরা তাদের সম্পত্তিতে আরো ADU নির্মিত হতে দেখতে চায়, এবং এইসব আবাসন সুযোগ তৈরির জন্য আমরা আমাদের মিউনিসিপ্যাল অংশীদারদের প্রশংসা করছি।"

এই বছরের শেষের দিকে HCR কর্মসূচির অর্থায়নের তৃতীয় রাউন্ড প্রকাশ করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন